

# শিক্ষা প্রশাসনে বড় রদবদল

নিজস্ব প্রতিবেদক

১০ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদেশময়



বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসি) নতুন চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেয়েছেন মোহাম্মদ মফিজুর রহমান। তিনি এর আগে এনবিআরের প্রশাসনের সদস্য ছিলেন। তিনি সাবেক চেয়ারম্যান মো. সাইফুল্লাহিল আজমের স্থলাভিষিক্ত হবেন। এ ছাড়া এনসিটিবির সাত কর্মকর্তাকে অপসারণসহ ইডেন-তিতুমীর-ভিট্টোরিয়াসহ ২১ সরকারি কলেজে নতুন অধ্যক্ষ পদায়ন করেছে সরকার। এ ছাড়া ১৭ অধ্যক্ষকে বদলি ও ছয় অধ্যক্ষকে ওএসডি করা হয়। এ বিষয়ে জনপ্রশাসন এবং শিক্ষা মন্ত্রণালয় পৃথক পৃথক প্রজ্ঞাপন জারি করেছে।

**এনসিটিবির ৭ কর্মকর্তা অপসারণ :** তুমুল আলোচিত-সমালোচিত নতুন শিক্ষাক্রম বাস্তবায়নে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে (এনসিটিবি) অনুগত কর্মকর্তাদের বসিয়েছিল বিগত আওয়ামী লীগ সরকার। অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর প্রতিষ্ঠানটির চেয়ারম্যান পদত্যাগ করেন। সচিবকেও সরিয়ে দেওয়া হয়। মাউশির এক প্রজ্ঞাপনে এবার গুরুত্বপূর্ণ আরও সাত কর্মকর্তাকে অপসারণ করা হয়। তারা হলেন- সদস্য (পাঠ্যপুস্তক) অধ্যাপক মো. সাইদুর রহমান,

সদস্য (প্রাথমিক শিক্ষাক্রম) অধ্যাপক মো. মোখলেস-উর-রহমান, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা সহযোগী অধ্যাপক মোহাম্মদ বোরহান উদ্দিন, কারিকুলাম বিশেষজ্ঞ (সেসিপ) সহযোগী অধ্যাপক মো. নজরুল ইসলাম, উর্ধ্বতন ভা-র কর্মকর্তা সহযোগী অধ্যাপক মোহাম্মদ সলিম উল্লাহ, প্রধান সম্পাদক অধ্যাপক আনিকা রাইসা চৌধুরী ও বিশেষজ্ঞ (মাধ্যমিক শিক্ষাক্রম) সহযোগী অধ্যাপক মোসাম্মৎ খাদিজা ইয়াসমিন।

এনসিটিবিতে নতুন পদায়ন : একই প্রজ্ঞাপনে শূন্য পদগুলোতে নতুনদের পদায়ন করা হয়েছে। নতুন নিয়োগপ্রাপ্তরা হলেন-সদস্য (পাঠ্যপুস্তক) পদে মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রকাশনা নিয়ন্ত্রক অধ্যাপক ড. রিয়াদ চৌধুরী, সদস্য (প্রাথমিক) পদে কিশোরগঞ্জের সরকারি গুরুন্দয়াল কলেজের দর্শন বিভাগের অধ্যাপক এফএম সরোয়ার জাহান, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা পদে কারিকুলাম বিশেষজ্ঞ (সেসিপ) হিসেবে দায়িত্ব পালনকারী মো. নজরুল ইসলাম, উর্ধ্বতন ভা-র কর্মকর্তা পদে মাউশির সাবেক সহকারী প্রকল্প পরিচালক মুহাম্মদ আসাফ উদ দৌলা, প্রধান সম্পাদক পদে কুমিল্লার হোমনা সরকারি কলেজের অধ্যক্ষ মুহাম্মদ ফাতিহল কাদীর ও শহীদ বেগম শেখ ফজিলাতুন নেছা মুজিব সরকারি কলেজের সহযোগী অধ্যাপক শুভ্রা আলমকে মাধ্যমিক শিক্ষাক্রম বিভাগের বিশেষজ্ঞ হিসেবে প্রেষণে নিয়োগ দেওয়া হয়।

২১ সরকারি কলেজে নতুন অধ্যক্ষ : ইডেন, সরকারি তিতুমীর, বিএম ও ভিট্টোরিয়াসহ ২১টি সরকারি কলেজে নতুন অধ্যক্ষ পদায়ন দিয়েছে সরকার। বিএম কলেজের অধ্যক্ষ পদে একই কলেজের অধ্যাপক ড. শেখ মো. তাজুল ইসলাম, কুমিল্লা ভিট্টোরিয়া কলেজের অধ্যক্ষ পদে চট্টগ্রাম সরকারি কলেজের অধ্যাপক মো. আবুল বাসার ভূঁঞ্চা, সরকারি বিজ্ঞান কলেজের অধ্যক্ষ পদে বগুড়ার শাহ সুলতান কলেজের উপাধ্যক্ষ কেএম আমিনুল হক, তিতুমীর সরকারি কলেজের অধ্যক্ষ পদে একই কলেজের অধ্যাপক শিশ্রা রানী ম-ল ও উপাধ্যক্ষ পদে খুলনার সরকারি সুন্দরবন আদর্শ কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ড. মিজানুর রহমানকে, ঢাকার শহীদ সোহরাওয়ার্দী কলেজের অধ্যক্ষ পদে ফরিদপুরের সদরপুর সরকারি কলেজের অধ্যক্ষ ড. কাকলী মুখপাধ্যায়, ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ পদে একই কলেজের অধ্যাপক ড. শামছুন নাহার, কবি নজরুল সরকারি কলেজের অধ্যক্ষ পদে ইডেন মহিলা কলেজের অধ্যাপক মো. হাবিবুর রহমান, ঢাকার বদরগঞ্জেসা সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ পদে টাঙ্গাইল সাদাত কলেজের অধ্যাপক তামানা বেগম, ঢাকার সরকারি বাঙ্গলা কলেজের অধ্যক্ষ পদে ঠাকুরগাঁওয়ের পীরগঞ্জ সরকারি কলেজের উপাধ্যক্ষ মো. কামরুল হাসানকে পদায়ন করা হয়।

এ ছাড়া মানিকগঞ্জের সরকারি দেবেন্দ্র কলেজের অধ্যক্ষ পদে ওএসডি থাকা অধ্যাপক মো. শহীদুজ্জামান, যশোরের সরকারি মাইকেল মধুসূন্দন কলেজের অধ্যক্ষ পদে সরকারি ব্রজলাল কলেজের অধ্যাপক ড. খন্দোকার এহসানুল কবির, খুলনা আয়ম খান সরকারি কমার্স কলেজের অধ্যক্ষ পদে ওএসডি থাকা অধ্যাপক ড. মো. শাহিদুর রহমান, খুলনার ব্রজলাল কলেজের অধ্যক্ষ পদে সাতক্ষীরা তালা সরকারি কলেজের অধ্যক্ষ সেখ মো. হুমায়ুন কবির, টাঙ্গাইলের সরকারি সাদাত কলেজের অধ্যক্ষ পদে একই কলেজের অধ্যাপক মো. মনিরুজ্জামান মিয়া, রাজশাহীর শহীদ বুদ্ধিজীবী সরকারি কলেজের অধ্যক্ষ পদে ড. খান মো. মাইনুল হক, রাজশাহী কলেজের অধ্যক্ষ পদে শহীদ বুদ্ধিজীবী সরকারি কলেজের অধ্যক্ষ মো. আনারুল হক প্রাঃ, দিনাজপুর কলেজের অধ্যক্ষ পদে একই কলেজের অধ্যাপক আবুল কালাম মো. আল আবদুল্লাহ, রংপুর কারমাইকেল কলেজের অধ্যক্ষ পদে কুড়িগ্রাম সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ মো. মোস্তাফিজুর রহমান, রাজেন্দ্র কলেজের অধ্যক্ষ পদে একই কলেজের উপাধ্যক্ষ এসএম আবদুল হালিম, সিরাজগঞ্জ সরকারি কলেজের অধ্যক্ষ পদে একই কলেজের অধ্যাপক মো.

আমিনুল ইসলামকে, লক্ষ্মীপুর সরকারি কলেজের অধ্যক্ষ পদে ফেনী সরকারি কলেজের অধ্যাপক মুহাম্মদ মঞ্জুরুর রহমান ও এনসিটিবির পরিচালক মো. খোরশেদ আলমকে সরকারি তোলারাম কলেজের উপাধ্যক্ষ পদে পদায়ন করা হয়েছে।

**১৭ অধ্যক্ষকে বদলি :** এ ছাড়া ১৭ জন অধ্যক্ষকে বদলি করা হয়েছে। তাদের মধ্যে ঢাকা কলেজের অধ্যক্ষ মো. ইউসুফকে অধ্যাপক বাংলা বিভাগ সরকারি ভিট্টোরিয়া কলেজ কুমিল্লায় বদলি করা হয়েছে। এ ছাড়া সরকারি বাঙলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক এসএম আমিরুল ইসলামকে নারায়ণগঞ্জের সরকারি তোলারাম কলেজে, খুলনা আয়ম খান সরকারি কমার্স কলেজের অধ্যক্ষ কার্তিক চন্দ ম-লকে মুসীগঞ্জের সরকারি হরগঙ্গা কলেজে, সাদাত কলেজের অধ্যক্ষ সুরত নন্দীকে টাঙ্গাইলের আশেক মাহমুদ কলেজে, কুমিল্লা ভিট্টোরিয়া কলেজের অধ্যক্ষ ড. আবু জাফর খানকে ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজে, সিরাজগঞ্জ সরকারি কলেজের অধ্যক্ষ টিএম সোহেলকে সিরাজগঞ্জ সরকারি কলেজে, লক্ষ্মীপুর সরকারি কলেজের অধ্যক্ষ মোহাম্মদ মাহাবুবুল করিমকে কুমিল্লার ভিট্টোরিয়া কলেজে, ঢাকার সরকারি বিজ্ঞান কলেজের অধ্যক্ষ মো. শাহেদুল খবিরকে ফেনী সরকারি কলেজে, রাজশাহী কলেজের অধ্যক্ষ মোহা. আব্দুল খালেককে রংপুর কারমাইকেল কলেজে, দিনাজপুর সরকারি কলেজের অধ্যক্ষ মো. আবু বকর সিদ্দিককে পাবনা এডওয়ার্ড কলেজে বদলি করা হয়।

এ ছাড়া রংপুর কারমাইকেল কলেজের অধ্যক্ষ চিন্যায় বাড়ৈকে ঝিনাইদহের কেশবচন্দ সরকারি কলেজে, ফরিদপুরের রাজেন্দ্র কলেজের অধ্যক্ষ রমা সাহাকে যশোর সরকারি মাইকেল মধুসূদন কলেজে, নারায়ণগঞ্জের সরকারি তোলারাম কলেজের অধ্যক্ষ বিমল চন্দ দাসকে চাঁদপুর সরকারি কলেজে, মুসীগঞ্জের সরকারি হরগঙ্গা কলেজের অধ্যক্ষ সুভাষ চন্দ হীরাকে ফরিদপুরের রাজেন্দ্র কলেজে, পাবনা এডওয়ার্ড কলেজের অধ্যক্ষ ড. মাহবুব সরফরাজকে জয়পুরহাট সরকারি কলেজে, নেত্রকোনা সরকারি কলেজের অধ্যক্ষ মো. নুরুল বাসেতকে গুরুন্দয়াল কলেজে, তোলারাম কলেজের উপাধ্যক্ষ জীবন কৃষ্ণ মোদককে সুনামগঞ্জ সরকারি কলেজে বদলি করা হয়।

**৬ অধ্যক্ষকে ওএসডি :** এদিকে ছয় অধ্যক্ষকে ওএসডি করা হয়। তারা হলেন- সরকারি বিএম কলেজের অধ্যক্ষ ড. মো. আমিনুল হক, শহীদ সোহরাওয়ার্দী কলেজের অধ্যক্ষ মো. মোহসিন কবীর, ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ ফেরদৌসী বেগম, কবি নজরুল সরকারি কলেজের অধ্যক্ষ আমেনা বেগম, যশোরের সরকারি মাইকেল মধুসূদন কলেজের অধ্যক্ষ মো. মাহবুবুল হক খান ও মাদারীপুর সরকারি কলেজের অধ্যক্ষ মো. জামান মিয়া।